# হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

অস্থায়ী ক্যাম্পাসঃ ভাদৈ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
https://hau.ac.bd
prp@hau.ac.bd


## "শহিদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস ২০২৫" উপলক্ষে মাননীয় উপাচার্যের বাণী

১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস। এই দিনে আমরা গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করি সেইসব মহান বুদ্ধিজীবীদের, যাঁদের আত্মত্যাগ আমাদের জাতীয় চেতনাকে আরও সুদৃঢ় করেছে এবং স্বাধীনতার ভিত্তি নির্মাণে অনন্য অবদান রেখেছে।

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস আমাদের জাতীয় জীবনের এক অবিস্মরণীয় ও গৌরবোজ্জ্বল দিন। এটি শোষণ, বঞ্চনা ও নিপীড়নের শৃঙ্খল ভেঙে স্বাধীনতার সূর্যোদয়ের দিন। ১৯৭১ সালের দীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে অর্জিত হয় বাংলাদেশের স্বাধীনতা এবং বিশ্বের মানচিত্রে অভ্যুদয় ঘটে একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্রের।

শহীদদের রক্ত, অসংখ্য মা-বোনের সীমাহীন ত্যাগ এবং বীর মুক্তিযোদ্ধাদের অপরিসীম আত্মোৎসর্গের বিনিময়ে আমরা অর্জন করেছি আমাদের প্রিয় লাল-সবুজের পতাকা যা আমাদের জাতীয় গৌরব ও আত্মপরিচয়ের সর্বোচ্চ প্রতীক। গভীর শ্রদ্ধাভরে আমি স্মরণ করছি মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল শহীদ, বীর মুক্তিযোদ্ধা, শহীদ বুদ্ধিজীবী এবং সংগ্রামী জনগণকে, যাঁরা এই দেশের মাটি, জাতির অস্তিত্ব এবং একটি বৈষম্যমুক্ত ও ন্যায়ভিত্তিক বাংলাদেশ প্রতিষ্ঠার স্বপ্ন বাস্তবায়নের জন্য সংগ্রাম করেছেন। তবে ভৌগোলিক স্বাধীনতা অর্জিত হলেও একটি ন্যায়ভিত্তিক, শোষণমুক্ত ও নৈতিক সমাজ গঠনের স্বপ্ন এখনো পুরোপুরি বাস্তবায়িত হয়নি।

২০২৪ সালের গণআন্দোলনের পর জাতি নতুন করে আশার আলো দেখেছে। ১৯৭১ সালের মহান বিজয়ের চেতনা আজও আমাদের ঐক্য, সত্য, ন্যায় ও মানবিকতার পথে এগিয়ে যেতে অনুপ্রেরণা জোগায়। বর্তমান বাস্তবতায় আমরা লক্ষ্য করছি, ছাত্রসমাজ অন্যায় ও অবিচারের বিরুদ্ধে সোচ্চার হয়ে পরিবর্তনের অগ্রভাগে নেতৃত্ব দিচ্ছে। এই আন্দোলন মূলত আমাদের মহান মুক্তিযুদ্ধের চেতনাকেই ধারণ করে। শহীদ বুদ্ধিজীবীদের আদর্শে উদ্বুদ্ধ হয়ে আজকের এই পরিবর্তনের অভিযাত্রায় আমাদের সকলকে সক্রিয়ভাবে অংশ নিতে হবে। ন্যায়, সত্য ও মানবিকতার প্রতিষ্ঠায় ঐক্যবদ্ধ থেকে সমাজে ইতিবাচক ও টেকসই পরিবর্তন আনাই হোক আমাদের অঙ্গীকার।

এই মহান বিজয় দিবসে আমাদের প্রত্যয় হোক মানুষে মানুষে সকল ভেদাভেদ ভুলে গিয়ে জাতীয় ঐক্যের ভিত্তিতে একটি সুশাসিত, ন্যায়বিচারপূর্ণ ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলা।

১৩/১২/২০২৫

উপাচার্য
হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ-৩৩০০।

১৩ ডিসেম্বর, ২০২৫ খ্রি.